বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
পরিকল্পনা, উন্নয়ন ও মনিটরিং বিভাগ
www.caab.gov.bd

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.১৩১.২৫.০১০.১৯.৮৩

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: ৩০.৩১.০০০০.২০১.০৬.০১৬.২৪.২৩২ ২২ ফেব্রুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জনকল্যাণে গৃহীত সরকারি নীতিসমূহের ধারাবাহিকতা অব্যাহত রেখে ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে গত ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী ১৫ টি নির্দেশনা প্রদান করেন।
উক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জরুরীভিত্তিতে পরিকল্পনা, উন্নয়ন ও মনিটরিং বিভাগে প্রেরণের নিমিত্ত নির্দেশনা সম্বলিত মন্ত্রণালয়ের পত্র এতৎসংগে প্রেরণ করা হলো।

২৭-০৩-২০২৪
মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
পরিচালক (পরিকল্পনা, অপারেশনাল প্রশিক্ষণ, উন্নয়ন ও মনিটরিং) (চলতি দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব ), প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (নির্দেশনা নং ৬ ও ৭);
২। নির্বাহী পরিচালক(সেমসু), নির্বাহী পরিচালক (সেমসু) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (নির্দেশনা নং ৭);
৩। নির্বাহী পরিচালক (হশাআবি), নির্বাহী পরিচালক (হশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (নির্দেশনা নং ৭);
৪। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (নির্দেশনা নং ৯ ও ১০);
৫। পরিচালক (সকল), বেবিচক (নির্দেশনা নং ০৭);
৬। পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (নির্দেশনা নং ৭);
৭। পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (নির্দেশনা নং৫ ও ৭);
৮। উপ-পরিচালক(এটিএম-ডিএন্ডপি), এটিএম (সদর দপ্তর) অধিশাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (নির্দেশনা নং ৫ ও ৭) এবং
৯। বিমানবন্দর ব্যবস্থাপক (সকল), বেবিচক (নির্দেশনা নং ০৭)।

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.১৩১.২৫.০১০.১৯.৮৩/১ (৪)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
২। সদস্য (অর্থ), সদস্য (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
৩। সদস্য(এটিএম), সদস্য(এটিএম) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং
৪। সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব), সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

২৭-০৩-২০২৪
মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
পরিচালক (পরিকল্পনা, অপারেশনাল প্রশিক্ষণ, উন্নয়ন ও মনিটরিং) (চলতি দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) নির্দেশনা সম্বলিত মন্ত্রণালয়ের পত্র

পরিচালক (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ৪১১৬
প্রেরণের তারিখ ১৪/২/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.mocat.gov.bd

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০১০.২৫.০০১.১৯.১২৭

তারিখ: ৩০ মাঘ ১৪৩০
১৩ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: **সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: আধা-সরকারি পত্র নং-০৪.০০.০০০০.৩১১.০৬.১০১.২৪.৪৫ (৫২), তারিখঃ ১.০২.২০২৪, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে একটি অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধারাবাহিকভাবে চতুর্থসহ পঞ্চমবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্বভার গ্রহণপূর্বক সরকার গঠন করেছেন। জনকল্যাণে গৃহীত সরকারি নীতিসমূহের ধারাবাহিকতা অব্যাহত রেখে ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে গত ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী নিম্নরূপ ১৫ টি নির্দেশনা প্রদান করেন:

১. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অংশীজনের সঙ্গে সমন্বয় করে মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২. পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩. নির্বাচনী ইশতেহার ২০২৪-এ বর্ণিত প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকতার সঙ্গে সমন্বিতভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগসমূহ জাতীয় বাজেট প্রণয়নকালে নির্বাচনী ইশতেহার ২০২৪ বিবেচনায় রাখবে;

৪. কৃষি উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য পণ্য সংরক্ষাণাগার নির্মাণে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৫. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চারটি স্তম্ভ স্মার্ট সিটিজেন, স্মার্ট সরকার, স্মার্ট অর্থনীতি এবং স্মার্ট জনগণ নিশ্চিত করতে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগে করণীয় চিহ্নিত করে তা বাস্তবায়ন করবে;

৬. নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্পের উপকারিতা/দেশের জনগণের কল্যাণকে অগ্রাধিকার প্রদান করতে হবে। বিদেশি ঋণ/সহায়তা গ্রহণকালীন যথাযথভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে। এ ছাড়া, চলমান প্রকল্পসমূহ বিশেষ করে যেগুলির বাস্তবায়ন সর্বশেষ পর্যায়ে রয়েছে সেগুলির প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে;

৭. সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। দুর্নীতি প্রতিরোধে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করতে হবে;

৮. সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রকৃত উপকারভোগীর নিকট পৌছানো নিশ্চিত করতে হবে;

৯. সরকারের শূন্য পদসমূহে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০. নারী উন্নয়ন ও ক্ষমতায়নে সাফল্যের ধারা অব্যাহত রাখতে হবে;

১১. রপ্তানি বহুমুখীকরণ, নতুন নতুন বাজার অনুসন্ধান ও প্রবেশে সহায়তা করতে হবে;

১২. গার্মেন্টস সেক্টরের ন্যায় চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য এবং কৃষিজাত পণ্য বিষয়ক শিল্প বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৩. শিক্ষাকে কর্মমুখী করার লক্ষ্যে আইসিটি শিক্ষাকে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে;

১৪. যুবসমাজকে খেলাধুলা এবং শিল্প-সংস্কৃতি চর্চায় উৎসাহ প্রদানের মাধ্যমে তাদের মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ হতে বিরত রাখতে হবে;

১৫. অগ্নিসন্ত্রাস ও নাশকতার বিরুদ্ধে সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে;

০২। এমতাবস্থায়, উপরিল্লিখিত নির্দেশনাসমূহের মধ্যে মন্ত্রণালয় ও এ মন্ত্রণালয়ের অধীন স্ব স্ব দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট নির্দেশনা প্রতিপালন এবং বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রশাসনিক মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

১৩-২-২০২৪

মো: আবুল কাশেম ভূইয়া
সহকারী সচিব (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৫৫১০০৭০৩
ফ্যাক্স: ৯৫১৫৪৯৯
ইমেইল: admin1@mocat.gov.bd

বিতরণ : (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

২) চেয়ারম্যান (গ্রেড-১), চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৩) প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

৪) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড,

৬) ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড

৭) উপসচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা

৮) সিনিয়র সহকারী সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা

৯) প্রোগ্রামার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০১০.২৫.০০১.১৯.১২৭/১(২)

তারিখ: ৩০ মাঘ ১৪৩০
১৩ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

১৩-২-২০২৪
মো: আবুল কাশেম ভূইয়া
সহকারী সচিব (রুটিন দায়িত্ব)